

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০৩.২০-১০৭

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৬ ব.  
২৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১১১৬৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১১১৬৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১১১৬৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১১১৬৪/২০১৯	জনাব মোঃ নজরুল ইসলাম সিদ্দিকী, অধ্যক্ষ, হরকলি ডিগ্রী বহুমুখী ফায়িল মাদ্রাসা, পাগলাপীর, উপজেলা-রংপুর।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিসি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ডিজি, ডিএমই, ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন।	রংপুর জেলার সদর উপজেলাধীন হরকলি ডিগ্রী বহুমুখী ফায়িল মাদ্রাসা'র অধ্যক্ষ জনাব মোঃ নজরুল ইসলাম সিদ্দিকী-কে বিভিন্ন দুর্নীতির অভিযোগে উক্ত প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি কর্তৃক গত ২৪/৭/২০১৪ তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত মাদ্রাসার ১০/৬/১৯ তারিখের ২৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক অধ্যক্ষ, মোঃ নজরুল ইসলাম এর সাময়িক বরখাস্ত আদেশ ১০/৩/১৯ তারিখে প্রত্যাহার করা হয়। সাময়িক বরখাস্ত প্রত্যাহারপূর্বক ২২/৪/১৯ তারিখের সভায় অধ্যক্ষের বরখাস্তকালীন (এপ্রিল/১৫ হতে জানুয়ারি/১৯) সময়ে বেতন-ভাতাদি প্রদানের ও সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর উক্ত বরখাস্তকালীন সময়ের (এপ্রিল/১৫ হতে জানুয়ারি/১৯) বেতন-ভাতাদি পাওয়ার জন্য আলোচ্য অধ্যক্ষ কর্তৃক ডিজি, ডিএমই বরারব ০২/৫/১৯ তারিখে ডিজি, ডিএমই বরারব এবং ১১/৬/১৯ সচিব, টিএমইডি বরারব আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় তাঁর এপ্রিল/১৫ হতে জানুয়ারি/১৯ সময়ের পূর্ববকেয়া বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে অধ্যক্ষ, জনাব মোঃ নজরুল ইসলাম সিদ্দিকী কর্তৃক পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১১৬৪/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৪/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন সাপেক্ষে পিটিশনার এর এপ্রিল/১৫ হতে জানুয়ারি/১৯ সময়ের পূর্ণ বকেয়া বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের ব্যবস্থা গ্রহণ না করা কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনার এর উক্ত সময়ের পূর্ণ বকেয়া বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২২/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উল্লেখ্য যেহেতু আলোচ্য রিট মামলাটি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান যা ডিএমই সংশ্লিষ্ট এবং ডিজি, ডিএমই-কে আলোচ্য মামলায় ৩ নং রেসপনডেন্ট করা হয়েছে বিধায় উক্ত রিট মামলায় গত ২২/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী ডিএমই কর্তৃক মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক টিএমইডি-কে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১১১৬৪/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২২/১১/২০১৯ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টে জবাব দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ১২/০৩/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

মোঃ আঃ খালেক মিজবান  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।